আলমডাঙ্গায় দ্বিতীয় বিয়ে করায় ছেলে-মেয়েদের হাতে মার খেল পিতা

বিয়ের ৪০ বছর পর স্ত্রীকে তালাক দিয়ে দ্বিতীয় বিয়ে করার ঘটনায় ছেলে-মেয়েদের হাতে পিতার মার খাওয়ার ঘটনা ঘটেছে। গতকাল শনিবার (৪ জুলাই) দুপুরে বক্সিপুর গ্রামে ওই ঘটনা ঘটে।

মারপিটের শিকার আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নের বক্সিপুর গ্রামের মনিয়া মন্ডল জানান, প্রায় ৪০ বছর আগে উপজেলার বেলগাছি গ্রামের শুকুর আলীর মেয়ে সাজেদা খাতুনের সাথে তার বিয়ে হয়। তাদের সংসারে ২ ছেলে ও ২ মেয়ে রয়েছে।

তারা সবাই বড় হয়ে গেছে। কিন্ত স্ত্রী সাজেদা খাতুনের সাথে তার বনিবনা না হওয়ায় তাকে তালাক দিয়ে পারুলা খাতুনকে বিয়ে করি। এ নিয়ে ছেলে-মেয়েদের সাথে তার সম্পর্ক ভাল যাচ্ছিল না।

গতকাল দুপুরে মনিয়া মন্ডল বাড়ি থেকে বের হলে তার ছেলে রইছ, শাহীন, মেয়ে পারভিনা ও নাতিছেলে রনি তাকে বেদম মারপিঠ করে।

লাঠি দিয়ে পিটিয়ে তাকে মারাত্মক আহত করে। বাধা দিতে এলে দ্বিতীয় স্ত্রী পারুলা খাতুনকেও মারপিঠ করা হয়।

আলমডাঙ্গায় গাঁজার গাছসহ গাঁজা চাষী আটক

আলমডাঙ্গার এনায়েতপুর বাড়াদি গ্রাম থেকে ৭ ফুট উচ্চতার ৬ টি গাঁজার গাছসহ নুর আলী নামের এক গাঁজা চাষিকে আটক করেছে পুলিশ। গতকাল শনিবার (৪ জুলাই) নুর আলীকে তার বাড়ি থেকে আটক কার হয়।

নুর আলী আলমডাঙ্গার এনায়েতপুর বাড়াদি গ্রামের ফজলেক আলী মন্ডলের

ছেলে। তার নামে থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

থানার এসআই আব্দুল্লাহ আল মামুন বলেন, আটক নুর আলী তার জমিতে অন্য ফসলের আড়ালে গাঁজার চাষ করে আসছিল। খবর পেয়ে তার জমিতে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ৬ টি ৭ ফুট উচ্চতার গাঁজার গাছসহ নুর আলীকে আটক কার হয়। তার নামে মামলা দায়ের হয়েছে।

নাটুদাহ চন্দ্রবাসের সাংবাদিক সালামকে নিয়ে প্রতিপক্ষের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের চন্দ্রবাস গ্রামের বছিরের ছেলে সাংবাদিক সালামকে নিয়ে গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে একই গ্রামের সুরাতের ছেলে আশাদুল।

সালাম জানান, সে ও তার ভাই মিলে ৬ শতক জমির উপর বসবাস করে আসছে।সেখানে তাদের কে অবৈধভাবে উচ্ছেদ করতে উঠে পড়ে লেগেছে আশাদুল।সে নানান সময়ে নানান ভাবে তাকে হুমকি ধামকিও অব্যাহত রেখেছে।

সালাম আরো জানান তিনি চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন। যে কোন সময় আশাদুল তার বড় ধরনের ক্ষতি করতে পারে। এ বিষয়ে তিনি দামুড়হুদা মডেল থানায় আশাদুলের বিরুদ্ধে জিডির প্রস্তুতি নিচ্ছেন বলে জানা গেছে।

[redacted]

[redacted]

[redacted]

[

করেছেন। যখন পাট ওঠে তখনও ১৭০০-২২০০ টাকা পর্যন্ত দাম পেয়েছেন। তিনি আরও বলেন, আমরা জেলার প্রায় এক হাজার ৮০০ পাট চাষীদের প্রণোদনা প্রকল্পের মাধ্যমে পাট বীজ, রাসায়নিক সার দেয়া হয়েছে। মূলত পাটের দাম ভালো হওয়ায় চাষীরা পাট চাষে বেশি আগ্রহী হয়েছেন।

কুষ্টিয়া জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক (শস্য) কৃষিবিদ রঞ্জন কুমার জানান, এ বছর কুষ্টিয়া জেলায় পাটচাষের লক্ষ্যমাত্রা ছিলো ৯৪ হাজার ২৩৫ একর জমি।কিন্ত জেলার ৬টি উপজেলায় চলতি মৌসুমে মোট পাটের আবাদ হয়েছে প্রায় ৯৬ হাজার ৫১৩ একর জমিতে।

কুষ্টিয়ার দৌলতপুরে ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ৪৭ বোতল ভারতীয় আমদানী নিষিদ্ধ ফেন্সিডিল সহ মো: শিমুল (৩৬) ও মো: সামিরুল ইসলাম (৩৪) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সকালে দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান এর নির্দেশে মশাউড়া মন্ডলপাড়া এলাকা থেকে তাদের আটক করা হয়। এসময় তাদের কাছে থাকা ৪৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।আটককৃত মোঃ শিমুল দৌলতপুর উপজেলার মশাউড়া
এলাকার আজিমুদ্দিনের স্ত্রী ও মোঃ সামিরুল ইসলাম একই উপজেলার গরুড়া এলাকার মৃত রেজাউল সরদারের ছেলে।

দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান জানান, মাদক ব্যবসায়ীদের মধ্যে কেনাবেচা হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সকালে এসআই মোঃ আব্দুল জব্বার সরকার সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে মশাউড়া মন্ডলপাড়া এলাকায় অভিযান চালান। এসময় তাদের দুজনকে ফেনসিডিল সহ আটক করা হয়। এ ব্যাপারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মামলা দায়ের করা হয়েছে।

[redacted]

[redacted]

ভেষজ) বৃক্ষ রোপণ করার আহবান জানান।

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় করোনা সনাক্ত হয়নি

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় কোন করোনা রোগী সনাক্ত হয়নি। গতকাল শনিবার বিকালে করোনা মেহেরপুরে আরো ৬ টি রিপোর্ট এসেছে যার সবগুলো নেগেটিভ।

মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন জানান, নতুন করে যে সকল নমুনা পাঠানো হয়েছিল তার মধ্যে ৬ জনের মধ্যে করোনা ভাইরাসের কোন নমুনা পাওয়া যায়নি।

এ নিয়ে মেহেরপুর জেলায় ১ হাজার ৯শ ১৮ জনের মধ্যে ৯২ টি পজেটিভ । যার মধ্যে ৩৩ জন সুস্থ হয়েছেন এবং মৃত্যুবরণ করেছে ৫ জন।

গরমে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াবে যে পানীয়

গরমে সময়ে জ্বর-ঠাণ্ডা, সর্দি-কাশি ও পেটের সমস্যা সবচেয়ে বেশি দেখা দেয়।

গরমে লেবুর শরবত শরীরের জন্য বেশ উপকারি। লেবুর শরবত ক্লান্তি দূর করবে।

এছাড়া নিয়মিত লেবু পানি খাওয়া শুরু করলে ছোট-বড় কোন রোগই ধারে কাছে ঘেঁষতে পারে না।

একাধিক গবেষণায় দেখা গেছে, লেবু শরবত লিভারে উপস্থিত ক্ষতিকর

টক্সিক উপাদান বের করে। ফলে লিভারের যে কোনও ধরনের ক্ষতি হওয়ার আশঙ্কা যায় কমে।

লেবুতে রয়েছে ভিটামিন সি, পটাশিয়াম, ক্যালসিয়াম, ফসফরাস, ম্যাগনেসিয়াম। যা দেহের ভেতরে পুষ্টির ঘাটতি দূর করে।

আসুন জেনে নেই কীভাবে তৈরি করবেন লেবুর শরবত।

উপকরণ

পুদিনা পাতা এক কাপ, লেবু দুই টেবিল চামচ, বিট লবণ আধা চা চামচ, ভাজা জিরা গুঁড়া আধা চা চামচ, চিনি তিন টেবিল চামচ।

প্রস্তুত প্রণালি

একটি ব্লেন্ডারে সব উপকরণ দিয়ে ভালো করে ব্লেন্ড করে নিন। এবার পরিবেশন গ্লাসে তিনটি বরফ দিয়ে দিন। এখন একটি ছাঁকনি দিয়ে গ্লাসের অর্ধেক পরিমাণ পুদিনা-লেবুর জুস দিয়ে দিন। বাকি অর্ধেক পানি দিয়ে হালকা হাতে নেড়ে দিয়ে পরিবেশন করুন।

আমরা এক ভণ্ড জাতি, তাই এদেশে জ্ঞানী জন্মায় না: রুবেল হোসেন

নতুন করোনাভাইরাস (কভিড-১৯) রোগের টিকা (ভ্যাকসিন) উদ্ভাবনের দাবি করেছে ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান গ্লোব ফার্মাসিউটিক্যালস গ্রুপ অব কোম্পানিজ লিমিটেড’র সহযোগী প্রতিষ্ঠান গ্লোব বায়োটেক লিমিটেড। বাংলাদেশে প্রথমবারের মতো কোনো প্রতিষ্ঠান এই টিকা উদ্ভাবনের দাবি করল। গত বৃহস্পতিবার দুপুরে রাজধানীর তেজগাঁওয়ে প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়ে সংবাদ সম্মেলনে গ্লোব বায়োটেক লিমিটেডের পক্ষ থেকে এসব তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, টিকা উদ্ভাবনে সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রতিষ্ঠানের সিইও ড. কাকন নাগ এবং সিওও ড. নাজনীন সুলতানা। প্রতিষ্ঠানটি গত ৮ মার্চ এই টিকা তৈরির কাজ শুরু করে।

গ্লোব বায়োটেক লিমিটেডের রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের প্রধান ডা. আসিফ মাহমুদ ভ্যাকসিনটি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। কথা বলতে গিয়ে তিনি এক পর্যায়ে আবেগে কান্না ধরে রাখতে পারেননি। দ্রুত মাইক্রোফোন ত্যাগ করে চোখের জল আড়াল করার চেষ্টা করেন। তার এই কান্না দেখে আবেগাপ্লুত হয়ে পড়েন দেশবাসী। এর মাঝেও কিছু পরশ্রীকাতর লোক এই ভ্যাকসিন আবিস্কার নিয়ে বিরূপ মন্তব্য শুরু করেন। তাদের এমন লজ্জাজনক আচরণে ভীষণ চটে গেছেন জাতীয় দলের তারকা পেসার রুবেল হোসেন। শুক্রবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেইজে রুবেল লিখেছেন, ‘আসিফ মাহমুদ ভাই যখন বলছিলেন যে আমরা করোনা ভাইরাসের ভ্যাকসিন আবিস্কার করেছি, কথাটি বলতে বলতেই উনার কান্না চলে আসছে! বাংলাদেশের একটি প্রতিষ্ঠান সাহস নিয়ে দাবি তো করতে পারল যে তারা আবিস্কার করছে, সফল হোক ব্যর্থ হোক সেটা পরের বিষয়।’

‘অথচ আমরা একটা অভিনন্দন পর্যন্ত জানালাম না। চীন বা আমেরিকা এই দাবি করলে এই আমরাই আবার অভিনন্দন অভিনন্দন জানিয়ে বাংলার আকাশ বাতাস মাতিয়ে দিতাম, আসলেই আমরা এক ভণ্ড জাতি। বিন্দু পরিমাণ কৃতজ্ঞতাবোধ আমাদের নেই। এই জন্যে এদেশে জ্ঞানী মানুষ জন্মায় না। কারণ জ্ঞানীদের কদর এদেশে নেই।

‘অনেকে হাসাহাসি করছে, ট্রলে মেতে উঠেছে যে বাংলাদেশ থেকে নাকি করোনার ভ্যাকসিন আবিস্কার করবে! চেষ্টা তো করছে তারা, দেখা যাক না কী হয়! একটু অভিনন্দন তো তারাও পেতে পারেন! এরাই দেশের রিয়েল হিরো।’

সত্র- বিডি প্রতিদিন

বগুড়া-১ ও যশোর-৬ আসনের উপনির্বাচন ১৪ জুলাই

আটকে থাকা বগুড়া-১ ও যশোর-৬ আসনের উপনির্বাচন নিয়ে সিদ্ধান্ত জানিয়েছে নির্বাচন কমিশন। আজ শনিবার বিকালে কমিশন সভায় এই দুই আসনে আগামী ১৪ জুলাই নির্বাচনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছন নির্বাচন কমিশন (ইসি) সচিব মো. আলমগীর।

তিনি বলেছেন, মহামারী করোনায় স্বাস্থ্যবিধি মেনে আগামী ১৪ জুলাই এই দুই আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সভায় প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদার সভাপতিত্বে চার নির্বাচন কমিশনার ও সিনিয়র সচিব উপস্থিত ছিলেন।

এর আগে ২৯ মার্চ এই দুটি উপনির্বাচন হওয়ারও কথা ছিল। করোনাভাইরাস সঙ্কটের কারণে ভোটের সপ্তাহখানেক আগে স্থগিত করা হয় নির্বাচন দুটি। একই সঙ্গে আটকে আছে চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনও। ইসির এক যুগ্ম সচিব জানান, দুই উপনির্বাচন অনুষ্ঠানের জন্য সংবিধান নির্ধারিত ১৮০ দিন শেষ হতে যাচ্ছে ১৫ জুলাই।

উল্লেখ্য, চলতি বছরের ১৮ জানুয়ারি সংসদ সদস্য আব্দুল মান্নানের মৃত্যুতে বগুড়া-১ এবং ২১ জানুয়ারি ইসমাত আরা সাদেকের মৃত্যুতে যশোর-৬ আসন ফাঁকা হয়। সংসদীয় আসন শূন্য হওয়ার পরবর্তী ৯০ দিন ও দৈব-দুর্বিপাকের কারণে সম্ভব না হলে আরও ৯০ দিন সব মিলিয়ে ১৮০ দিনের মধ্যে ভোট করার বাধ্যবাধকতার নিয়ম রয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন